



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



ঢাশিবো/বি/অ/১১৬/ফরিদ/৭৪৬

তারিখ: ১৪/০৭/২০২২

বিষয়: বিদ্যালয়ের প্রধান শিক্ষক(বরখাস্তকৃত) জনাব মোঃ সাহিদুজ্জামান সাহিদ এর চূড়ান্ত বরখাস্ত অনুমোদন সংক্রান্ত বিষয়ে পূর্ণ বিবেচনার লক্ষ্যে বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটিতে জরুরি ভিত্তিতে আবেদন করণসহ প্রয়োজনীয় তথ্যাদি জমা প্রদান প্রসঙ্গে।

সূত্র :১) বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ১৫/১১/২০২০ তারিখের সিদ্ধান্ত।

২) বোর্ডের স্মারক নং ঢাশিবো/বি/অ/১১৬/ফরিদ/৪১৩৭(১০) তারিখ: ২০/১২/২০২০ এর মাধ্যমে প্রেরিত পত্র।

৩) প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ সাহিদুজ্জামান সাহিদ কর্তৃক মাননীয় চেয়ারম্যান, ঢাকা শিক্ষা বোর্ড বরাবর গত ১৪/০৪/২০২২ তারিখে দাখিলকৃত আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত (১) নং ক্রমিকে উল্লিখিত বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ১৫/১১/২০২০ তারিখের সিদ্ধান্ত মোতাবেক সূত্রোক্ত (২) নং ক্রমিকে উল্লিখিত পত্রের মাধ্যমে বাউষখালী উচ্চ বিদ্যালয়, বাউষখালী, সালথা, ফরিদপুর এর প্রধান শিক্ষক(বরখাস্তকৃত) জনাব মোঃ সাহিদুজ্জামান সাহিদ এর চূড়ান্ত বরখাস্ত অনুমোদন সংক্রান্ত বিষয়টি সর্বসম্মতভাবে অনুমোদন পূর্বক পত্র ইস্যু করা হয়।

সূত্রোক্ত (৩) নং ক্রমিকে উল্লিখিত প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ সাহিদুজ্জামান সাহিদ কর্তৃক মাননীয় চেয়ারম্যান, ঢাকা শিক্ষা বোর্ড বরাবর গত ১৪/০৪/২০২২ তারিখে দাখিলকৃত আবেদনটি কে আমলে এনে তাঁর চূড়ান্ত বরখাস্ত অনুমোদন সংক্রান্ত বিষয়টি পুন: বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

সেক্ষেত্রে, আগামী ২৪/০৭/২০২২ তারিখে অনুষ্ঠিতব্য বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় আবেদনটি পুন: বিবেচনা করার লক্ষ্যে প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ সাহিদুজ্জামান সাহিদ এর চূড়ান্ত বরখাস্তকরণের প্রয়োজনীয় সকল তথ্যাদি এবং চূড়ান্ত বরখাস্তের সাথে সম্পর্কিত মামলার যাবতীয় কাগজপত্র (মামলার আর্জি এবং সর্বশেষ আদেশ সহ) আগামী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে জরুরী ভিত্তিতে প্রেরণসহ আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী বিধায় আপনার সহযোগিতা প্রয়োজন।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ-

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক

প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)

বাউষখালী উচ্চ বিদ্যালয়

পো: বাউষখালী, উপজেলা: সালথা, জেলা: ফরিদপুর।

মেমো নং-৭৪৬(৯)

তারিখ: ১৪/০৭/২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।

৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।

৫। জেলা প্রশাসক, ফরিদপুর।

৬। উপজেলা নির্বাহী অফিসার, সালথা, ফরিদপুর।

৭। সভাপতি, এডহক কমিটি, বাউষখালী উচ্চ বিদ্যালয়, পো: বাউষখালী, উপজেলা: সালথা, জেলা: ফরিদপুর।

৮। জনাব, মো: সাহিদুজ্জামান সাহিদ, প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) বাউষখালী উচ্চ বিদ্যালয়, বাউষখালী, ফরিদপুর।

৯। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

১৪/০৭-২০২২